



# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

রাজশাহীশিক্ষাবোর্ড, বাংলা

controller@rajshahieducationboard.gov.bd

স্মারক নম্বর: রাশিবো/মাধ্য-১/পনি-২১/৯০৩

তারিখ: ২২/০১/২০২৪

বিষয় : ২০২৪ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা পরিচালনার জন্য 'কেন্দ্র কমিটি' গঠন প্রসঙ্গে।

২০২৪ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা সুষ্ঠু, স্বাভাবিক ও সুশৃঙ্খল পরিবেশে পরিচালনার জন্য রাজশাহী শিক্ষা বোর্ডের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালা অনুসারে ৫(পাঁচ) সদস্য বিশিষ্ট 'কেন্দ্র কমিটি' গঠনের জন্য নির্দেশক্রমে তাঁকে অনুরোধ করা হ'ল। কেন্দ্র কমিটি ১(এক) জন সভাপতি এবং ৪(চার) জন সদস্য নিয়ে গঠিত হবে। কেন্দ্র কমিটি নিম্নরূপভাবে গঠন করতে হবে।

১. সভাপতি : জেলা সদরের জন্য জেলা প্রশাসক, উপজেলা ও অন্যান্য স্থানের কেন্দ্রের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার

২. সদস্যবৃন্দ : ক. জেলা শিক্ষা অফিসার (জেলা সদরের জন্য)/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার(উপজেলার জন্য/ শিক্ষা অফিসার (মহানগরীর জন্য)

খ. সরকারি বিদ্যালয়ের প্রধান শিক্ষক- ০১জন ও বেসরকারি বিদ্যালয়ের প্রধান শিক্ষক ০১জন

সদস্য হতে পারবেন (সরকারি বিদ্যালয় না থাকলে বেসরকারি বিদ্যালয়ের ০২জন)

গ. কেন্দ্র সচিব (বোর্ড কর্তৃক অনুমোদিত পরীক্ষা কেন্দ্রের প্রতিষ্ঠান প্রধান কেন্দ্র সচিব হবেন)

উল্লেখ্য, কোন শিক্ষক, অফিসার এবং কর্মচারীর ছেলে/মেয়ে রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন পরীক্ষায় অংশগ্রহণ করলে তিনি কেন্দ্র সচিব ও পরীক্ষা সংক্রান্ত কোন কাজে সংশ্লিষ্ট থাকতে পারবেন না। কেন্দ্র কমিটি গঠনের পর কেন্দ্রওয়ারী গঠিত কমিটির সদস্যবৃন্দের নামের তালিকা নিম্নস্বাক্ষরকারীর নিকট ০৮/০২/২০২৪ তারিখের মধ্যে প্রেরণ করার জন্য অনুরোধ করা হ'ল।

প্রাপকঃ

জেলা প্রশাসক

রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/

সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট

চেয়ারম্যানের আদেশক্রমে

২১-০১-২৪  
প্রফেসর মো: আরিফুল ইসলাম

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

ফোন-০২৫৮৮৮৫৬২৩১

স্মারক নম্বর: রাশিবো/মাধ্য-১/পনি-২১/৯০৩(৪০)

তারিখ: ২২/০১/২০২৪

অসুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হ'ল;

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

২. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী

৩. সিভিল সার্জন/ পুলিশ সুপার, রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/ সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট

৪. রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/ সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট জেলার আওতাধীন সকল

উপজেলার উপজেলা নির্বাহী অফিসার

৫. জেলা শিক্ষা অফিসার, রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/ সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট

৬. রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/ সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট জেলার আওতাধীন সকল

উপজেলার উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

৭. মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহীর অধিভুক্ত এসএসসি পরীক্ষা কেন্দ্র সচিব তাঁর বিদ্যালয় ২০২৪

সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা গ্রহণের জন্য পরীক্ষা কেন্দ্র হিসাবে নির্বাচন করা হয়েছে তাঁকে জেলা

প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসারের সাথে যোগাযোগ ও যথাসময়ে পরীক্ষা "কেন্দ্র কমিটি" গঠন সংক্রান্ত যাবতীয়

কার্যাদি সম্পন্ন করতে অনুরোধ করা হ'ল।

৮. অফিস নথি

২১/০১/২৪  
মো: মুঞ্জুর রহমান খান

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক)

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

ফোন-০২৫৮৮৮৫৫৮৫১